শ্রমিকদেরও বেড়েছে। প্রতি লোক মাথা পিছ, প্রভাকটিভিটী বেড়েছে—সেটা ইন্ডিয়ান লেবার গেজেট থেকে দেখাতে চাই। ১৯৩৯ সালের হিসাব থেকে আমরা দেখতে পাই—র্যাদ ১৯৩৯ সালকে ১০০ ধরি তাহলে জ্ঞলাই, ১৯৫৪ সালে সেটা এসে দাঁড়িয়েছে ১৩৩। কিল্ড রিয়েক, व्यक्तिर क्षीमक, कर्माग्रतीपत्र विज्ञानत पिरक जाकारण प्राथण भारता. ১৯৩৯ मारण याप ४०० ধরি তাহলে ১৯৫৪ সালে, এই ইন্ডিয়ান লেবার গেজেটএ ভারত সরকারের ন্বারা প্রকাশিত স্লেটা এসে দাডিয়েছে ১০২-৭। অতএব এ থেকে এটা বোঝা যাচ্ছে যে উৎপাদন বাডলো— প্রভাকটিভিটী পার ম্যান বেড়ে গেলো, কিন্তু রিয়েল আর্নিং, তার তুলনা অনেক পিছনে পড়ে রহিল। সেই হিসাব যদি আর একবার তলিয়ে দেখি তাহলে দেখতে পাবো ১৯৫০ সালে প্রভাকটিভিটি ছিল ৭৮ ৮. আর ১৯৫৪ সালে সেটা বেডে দাঁডিরেছে ১১৩. অর্থাৎ শতকরা ৪০ ভাগ বেড়ে গিয়েছে। কিন্তু বেতনের তুলনা যদি দেখি—১৯৪০ সালে যে বেতন ভারতবর্ষের শ্রমিক ও কর্মচারীরা পেতেন, তার মান দেওরা হয়েছে ১০৬ এবং সেটা ১৯৫৪ সালে ১০২-৭। তারপর ভারত সরকারের হিসাব মত আরও শতকরা দ্ব ভাগ বেড়েছে। কিন্ত এখনও ১৯৪০ সালের তুলনায় ২ ৬ পিছনে পড়ে আছে। ভারতবর্ষের শ্রমিক শ্রেণী র্যাদ ১৯৪০ সালের তলনায় বেতন কম পান, অথচ উৎপাদন বাড়িয়েছে তারা : শুধু তাই নয়, শতকরা ৪০ ভাগ উৎপাদন বেড়ে গিয়েছে—তাহলে আজকে তাদের যে দাবী শতকরা ২৫ ভাগ বেতন বাড়ান হোক, সেটা তাদের সাঁতাকারের ন্যায্য দাবী কি না সেটা ভাববার সমর এসেছে। শুধু সেখানে নয়, গভর্নমেন্টের তরফ থেকে বলা হয় বারবার এই যে উৎপাদন বেডেছে বিশেষ করে এই এসেম্বলীতে কথা হয়েছে উৎপাদন বাডবার কারণ নাকি শ্রমিকরা নয়। তার কারণ নাকি মডানিজেশন অব ইন্ডাম্মী, তারা বলে থাকেন মেসিনস মডানাইজ্ঞড হচ্ছে বলেই তার জনা উৎপাদন বেডেছে। আমাদের দেশে যে মেসিন মভার্নাইজ হয়েছে, কোন ইন্ডান্ট্রীসএ সবচেয়ে বেশী? সেটা হচ্ছে জটেএ। কোলএ মেসিন মডার্নাইজ হয় নি. ইঞ্জিনীয়ারিংএ মেসিন মডার্নাইজ হয় নি. টেক্সটাইলএ মেসিন মডার্নাইজ হয় নি এখনও জাটএ रसाह अवर करोज फिगात कि? मजानारेक स्य रसाह स्मिण राष्ट्र न्निनिर जिनारें राम्छेज। দিপনিং মেসিন সেগ্রিল মডার্নাইজড হয়েছে, কিন্তু যেখানে প্রডাকশনএর মূল কথা ল্মস উইভিং ডিপার্টমেন্টএ, সেখানে কোন মডার্নাইজেশন হয় নি। সেখানে একটা লোককে দিয়ে দুইটি তাঁত করান হচ্ছে—এই হচ্ছে ফল। তবে রাাশনালিজেশনএ কি হয়েছে? র্যাশনালিজেশনএ মডার্নাইজেশন হয় নি, র্যাশনালিজেশনএ নিউ মেসিনারিজ আসে নি: যেখানে এসেছে সেখানে উৎপাদন বাড়ে নি। জ্বাট্র কোন উৎপাদন বাড়ে নি বিগত ৫ বৎসরের মধ্যে। উলটে এই র্যাশনালিজেশনএর জনা কাজের বোঝা বেডে গিয়েছে এবং রিট্রেপ্তমেন্ট হয়ে গিয়েছে। সতেরাং আমরা বলতে চাই, আজকে যে উৎপাদন বেড়েছে সেটা হচ্ছে—শ্রমিকের শ্রমণন্তির বলে সে উৎপাদনটা বেডেছে, এছাড়া আর কোন কারণ নেই। এখন এই জিনিস্টা যে এত অকাটা, এই যুক্তিটা যে এত অকাটা, ভারত সরকারের প্রান্তন মন্দ্রী শ্রীখান্দ,ভাই দেশাই, তিনি পর্যান্ত আগস্ট, ১৯৫৬ সালের ইন্ডিয়ান লেবার গেজেটএ তিনি যখন মন্ট্রী ছিলেন, ভারত সরকারের **गास्त्रिये अवन्य नित्य वर्मन** रम. शा. शाषाकमन वाष्ट्रह वर वर्षात्रहा अषाकिर्विष्टी वर्षाहरू —তখন অবশ্য এত হারে বাড়ে নি. কারণ আরো এক বংসর আগেকার কথা আমি বলছি—এবং তিনি বলছেন যে, শ্রমিকদের বেতন বন্ধির দাবীটা সতিকারের ন্যাযা দাবী। সেটা কেউ কেউ करमारक वमरू भारतन, ठिक निर्वाहरनंत्र शाकारम रत्न कथा मम्त्रीरक शरूर वमरू शरूरक किन्छ এই কথাটা ভারত সরকারের নিজম্ব কাগজে আগস্ট, ১৯৫৬ সালে তিনি নিজে লেখেন। এখন প্রশ্ন, এটা মালিকরা বলে থাকেন, গভর্নমেন্ট থেকে এটা বলা হয় যে, শিল্প কি এই বেতন দিতে পারবে, সোনার ডিম এক্র আদার করার জন্য হাঁসকে কি মেরে ফেলা ঠিক হবে সেখানে আমাদের বন্তব্য হচ্ছে যে শিল্প দিতে পারে। সেই জন্য প্রথমতঃ আপনাদের সামনে আমি একটা তথ্য রাখতে চাই, 'এইটথ সেন্সাস অব ইন্ডিয়ান ম্যান্ফ্যাকচাস' ১৯৫০ সালে ষেটা বেরিরেছিল এবং এই 'এইটথ সেন্সাস অব ইন্ডিয়ান ম্যান্ফ্যাকচার্স'ও যে জিনিসটা বলেছে. সেটা যদি আমরা দেখি ভাহলে ১৯৫০ সালেই আমরা আশ্চর্য হয়ে বাবো যে সেখানে কিভাবে কি পরিমাণে বাবসা তাঁরা করেছিলেন। তারা এটা দেখিয়েছেন এটা মানিকদের পরিকা, তাতে তাঁরা বলছেন ১৯৩৯ সাল থেকে ১৯৫৩ সালের মধ্যে ভ্যাল, এাডেড

বাই ম্যান্ফ্যাকচার্স বেড়েছে ২২·৬ পারসেন্ট, টোটাল ওরেজের স্যালারিজ এ্যান্ড আদার বেনিফিটস বেড়েছে ১৫·৮ পারসেন্ট, এবং শেরার অব দি ক্যাপিটাল বেড়েছে বাই ৩৫·১ পারসেন্ট। এবং সেই জেকে তারা আরো ভাল করে তথ্য দিয়ে দেখিরেছেন যে শেরার অব টোটাল ওয়েজেস, স্যালারিজ এ্যান্ড আদার বেনিফিটস ৫·৬ পারসেন্ট কমে গিরেছে,

whereas share of capital has registered an increase of 10.2 per cent.

এটা হচ্ছে তাঁদের তথা। পশ্চিমবাংলার ক্ষেত্রে তাঁরা আবার দেখিরেছেন—কারণ এখানে আবার কথা হবে আমাদের এখানে এ জিনিসটা ঠিক কিনা—পশ্চিমবাংলার যে তথ্য তাতে এই এইটখ সেন্সাস অব ইন্ডিয়ান ম্যান্ফ্যাকচার্স, ১৯৫৩ সালে যেটা বেরিরেছে, সেটা আরো জাক্ষ্মলামান হরে যায় পশ্চিমবাংগার ব্যাপারে। বাংলায় কি হয়েছে,—ভ্যাল্ এয়ডেড বাই ম্যান্ফ্যাকচার্স বেড়েছে ২১٠৫ পারসেন্ট, টোটাল ওয়েজেস, স্যালারিজ এয়ন্ড আদার বেনিফিটস বেড়েছে ৭٠১ পারসেন্ট,

while share of the capital has recorded an increase of 111.2 per cent.

এটা শ্নলে আশ্চর্য্য হরে যাবেন, কিন্তু এটা মালিক পক্ষের কাগন্তে পরিত্বার করে লেখা আছে এবং সেই তথ্য থেকে আমরা দেখতে পাছি যে সেখানে বেতন এবং অন্যান্য স্ববিধা যেসমন্ত কর্মচারী পার ১৯৪৯ সাল থেকে ১৯৫৩ সালের মধ্যে সেটা কমেছে ১১০৮ পারসেন্ট, আর ক্যাপিটালিন্ট শেরার বেড়েছে ৭৪০১ পারসেন্ট। এই হচ্ছে ইন্ডিরান ম্যান্ত্রের্ডালেন্ডের নিজেদের প্রকাশিত বইএর তথ্য। এখন আমার বন্ধব্য হচ্ছে, এই যদি ১৯৫৩ সালে হরে থাকে, তা আপনাদের অনেকেরই মনে আছে যে পালিরামেন্টএ এই নিয়ে একটা কথা হর, তারপর থেকে আর মালিক্যো কোন বই বের করেন না, কত তাদের ম্নাফা হচ্ছে। কিন্তু তা সত্ত্বেও রিজ্বার্ড অব ইন্ডিয়া ১৯৫০ সালে একটা তথ্য বের করেছেন ৭৫০টা জয়েন্ট দটক কোম্পানীর। তাদের ম্নাফা ১৯৫০ সাল থেকে ১৯৫৫ সাল অর্থাং ফার্ড ইয়ার প্যানএ তারা যে মনোফা করেছে। এই ৭৫০টি কোম্পানী হচ্ছে কারা?

They cover public limited companies registered in India with a paid-up capital of not less than Rs. 5 lakhs each

ভাহলে মোটামাটি বড়ই বলতে হবে। একক্রডে করেছেন কাদের—না

Banks, insurance and investment companies, private limited companies, branches of foreign companies and Government companies

এই শেষেরগর্নালকে বাদ দিয়েছেন যদিও বলেছেন যে দে আর প্রসপারাস। তাহলে এই ৭৫০টি কোম্পানী সম্বন্ধে তারা বলছেন যে তাদের

total paid-up capital amounts to one-third of the total paid-up capital in the private sector,

ভাহলে এটা বলা যায় এবং রিজার্ভ ব্যাঞ্চর বলেছেন এই ১৯৫৭ সালে যে এটা একটি মোটামুটি ছক বলা যেতে পারে, যে কি করে ক্যাপিটাল ফ্লারিস করছে আমাদের দেশে এবং সেখানে কি বলা হয়েছে, রিজার্ভ বাাঞ্চএর তথ্য, সে তথা আমি কোন হাত দেই নি. তথ্যটা উপস্থিত করে দিল্ছি এখানে, সেখানে রিজার্ভ বাাঞ্চ কোটির হিসাবে বলছেন এাসেটস নেট ১৯৫০ সালে ছল ৮৮৬ কোটি টাকা, সেখানে ১৯৫৫ সালে হয়েছে ১,১৯১ কোটি টাকা অর্থাৎ ০৪-৪ পারসেট ইনজিল, টোটাল ইনকাম ডিউরিং দি ইয়ার ৯৭০ কোটি টাকা বেড়ে হয়েছে ১,০০২ কোটি টাকা ১৯৫৫ সালে, পারসেটেজ অব ইনজিস হছে ৩৬-৯, প্রফিটস বিফোর ট্যাল্প ৬৪ কোটি টাকা ১৯৫৫ সালে, পারসেটেজ অব ইনজিস হছেছে ৩৬-৯, প্রফিটস বিফোর ট্যাল্প ৬৪ কোটি টাকা ১৯৫০ সালে, ১৯৫৫ সালে বেড়ে হয়েছে ৯৭ কোটি টাকা, ইনজিস হয়েছে ৫১-৬ পারসেট, এই প্রথম পঞ্চবার্যিকী পরিকলপনায়, প্রফিটস আফটার ট্যাল্প সেটার রিজার্ভ ব্যাক্ত আমাদের সামনে দিয়েছেন। রিজার্ভ ব্যাক্তই বলছেন প্রফিটস আফটার ট্যাল্প ১৯৫০ সালে ৩৯ কোটি। ১৯৫৫ সালে ৬০ কোটি এবং বলছেন ইনজিসভ পারসেটেজ হছেছ ৫০-৮ পারসেট। এটা আমাদের কথা নর, রিজার্ভ ব্যাক্ত আদের ইন্ডাল্লিজ সম্বন্ধে তারা মন্তব্য করেছেন বে, আমাদের ইনডেস্টিলকার। এবং এটা সতিয় কথা ব্যাক্তিং আদের লিকত মোটামুটি তাদের অবন্থাও

প্রস্পারাস, দে আর অলসো প্রস্পারিং, কথাটা অবশ্য বলেছেন আপওয়ার্ড ট্রেন্ডস ভিজ্ঞিবল। সূত্রাং অবস্থাটা কি-প্রোডাকশন বেড়েছে, আমি দেখালাম রিজার্ভ ব্যাঞ্কএর ফিগার জন ১৯৫৭এ ১৬৮ ৩ পারসেন্ট প্রোডাকটিভিটি বেড়েছে, ইন্ডিয়ান লেবার গেজেট ১৯৫৫ সাল থেকে আমি দেখালাম যে ১৯৫৪ পর্যন্ত প্রোডাকটিভিটি ১৯৫০ সালে যেখানে ৭৮ ৮ ছিল. এখন সেখানে ১১৩ এবং মেসিনএর জন্য বাড়ে নি. তার প্রমাণ হচ্ছে জটে মিলসএ যে স্পিনিং ডিপার্টমেন্টএ শুধু হয়েছে সেখানে জুটএ কোন প্রোডাকশন বাড়ে নি. উলটে ডবল লুম চালু হয়েছে, লোকের মেহনত বেড়েছে। আমি দেখালাম মালিকের শেয়'র প্রফিটএর তা ষে পরিমাণ বাড়ছে সেই পরিমাণে মজুরের কমছে. সে কথাও আমি ঐ সেন্সাস অব ম্যানুফ্যাকচার্স তাদের রিপোর্ট থেকে দেখালাম। তাঁরা তারপর আর ছাপেন নি, কারণ এই নিরে অভ্যন্ত किल्म•काति हारा राम भामित्रारामधेय **এই निरा**त्र कथा हन। जाहरन कि यां अवस्ट भारत শ্রমিক এবং কর্মাচারীদের মজ্বরী আটকাবার কি যুক্তি থাকতে পারে যে উৎপাদন বাড়াও, এই কথা বলে তার বেতনকে আটকে রাখা, কি যুক্তি থাকতে পারে মালিক পক্ষের এই যে অবাধ লুপ্রেন সেটাকে সমর্থন করা গভর্নমেন্টএর এবং সেখানে গভর্নমেন্ট এই রকম মনোভাব নৈবেন যে আমরা তৃতীয় পক্ষ। তৃতীয় পক্ষ কি রকম সে দূর্বলের পক্ষে সকলকে যেতে হবে. র্যাদ দর্বলের পক্ষে ন্যায় থাকে, তথা থাকে, গভর্নমেন্টএর নিজের প্রীকৃতি থাকে তবে দর্বলের পক্ষে গভর্নমেন্টকে যেতে হবে, মালিকের পক্ষে গেলে চলবে না।

[5-35-5-45 p.m.]

স্তেরাং সেখানে আমার বন্ধব্য হচ্ছে যে আজকের দিন এই কথা বললে হবে না যে, উৎপাদন বাড়িয়ে যাও। অথচ যেখানে শ্রমিক দেখতে পায় যে প্রফিট বাড়ছে, আর আমাদের বেতন বাড়ছে না, সেদিক থেকে শ্রমিক মানতে রাজী হবে না। রাজী হয় না বলেই ব্যাঙ্কের এত বড় দ্ট্রাইক হরেছিল। স্ট্রাইকে তারা হেরে গিয়েছে, কি জিতেছে সে কথা নয়। এক মাসের উপর তারা **স্মাইক করেছে এবং দেখা যাচ্ছে ব্যাণ্কিং ইন্ডান্ট্রিরও প্রফিট বাডছে। সেখানে রিজার্ভ ব্যাণ্কের** রিপোর্ট নাই বলে আমি বললাম না, নয়ত আলাদাভাবে দিতাম। তবে আমার কাছে হিসাব আছে। সোশ্যাল জাণ্টিসএর কথায় বলছি যে যখন সময় হয় তখন সোশ্যাল জাণ্টিস না দিলে শিক্ষে অশান্তি হতে পারে। শুধু যা বেড়েছে শ্রমিকের গত দু বছরে সমগ্র ভারতবর্ষে এবং পশ্চিম বাংলায় শতকরা দৃ ভাগ বেতন যা বেড়েছে, সেটার জন্য হয় তার পিছনে স্টাইক অথবা শ্মীইকের হ্মকী ছিল ; যেমন চা-বাগান বা কয়লার খনিতে বেতন বেড়েছে একমাত্র স্টাইক করে বা স্ট্রাইকের ধমক দিয়ে। জনসাধারণ উৎপাদন বেশী চায়, শ্রমিকেরাও উৎপাদন বেশী করতে চার, দেশে কে চায় না? ক্যাপিটালিষ্টএরই প্রফিট বেড়ে যাবে উৎপাদনের ফলে, আর কারও লাভ হবে না। কারণ বেতন বাড়ল না, লোকের ক্রয়ক্ষমতা বাড়ল না, জিনিসপত্রের দাম কমল ना. এकমাত প্রফিটই বেড়ে গেল। এ কোন সোশ্যাল জান্টিস, কোন ওয়েলফেয়ার ভেট বলবে না। এই যে মূল্যে বেড়েছে সেটা গভর্নমেন্ট অব ইন্ডিয়ার দ্বীকৃতি আছে। দাম যে বেডেছে তার পিছনে গোপন হস্ত কারও আছে। সেও সাধারণ লোক জানে যে দাম বাড়ে কেন? বিগ ক্যাপিটালিন্ট ও মনোপলিন্ট গ্রুপ তারাই দাম বাড়ায়। তারা প্রফিট করছে প্রোডাকশন থেকে, তার উপর আবার নানা ফাটকা বাজারী করে দাম বাড়াচ্ছে—বিশেষ করে পশ্চিম বাংলার দিনের পর দিন দাম বেড়ে যাচ্ছে। এখানে আমি একট্ব দামের তথ্য দেব। দামের তথ্য এটা— 'রিপোর্ট অন কারেন্সী অ্যান্ড ফাইনান্স' রিঞ্জার্ভ ব্যাৎক যা বার করেছে তার ১১২ প্রতীয় তারা বলছেন-

"The prices of food articles have increased by 24.3 per cent. compared to 1955-56"

১৯৫৫ সালের তুলনায় ২৪·৩ পারসেন্ট বেড়েছে, একথা রিজার্ড ব্যান্ডেকর, আমার নর, আমি হিসাব করতে বাই নি। আমি বলব গড়নমেন্টকে ১৯৫৫ সাল থেকে ১৯৫৬-৫৭ সালে আরও বেড়েছে কি না। ইকনমিক এ্যাড়ডাইসর'—গড়নমেন্ট অব ইন্ডিয়ার এই বে কাগজ্ঞ সেটা জেক-আপ' ফিগার করে দেখিরেছে বে ফ্ডেএর দাম কি রকম বেড়েছে। স্তরাং দাম বে বেড়েছে আর 'অল কর্মাডিটিস' ২৪ ত প'রসেন্ট ১৯৫৫-৫৬এ বেড়েছে। এটা রিজার্ড ব্যান্ডেকর স্বীকৃতি। রিজার্ড ব্যান্ডেকর 'রিপোর্ট অন কারেন্সনী আ্যান্ড ফাইনান্স' তাতে বলেছে, এই বে

দাম বেড়েছে এটা পার্মানেন্ট হবে, কমবে না। এ সম্বন্ধে আমি সব কোটেশন দিছি না, সমন্ত্র অনেক লাগবে। 'কনজিউমার্স প্রাইস ইনডেক্স ফর দি ওয়ার্কিং ক্লাস' কি রকম বেড়েছে সে তথা তাঁরা দিয়েছেন। 'সেন্ট্রাল বোর্ড' অব ডাইরেকটরস, রিজার্ভ' ব্যাঞ্চ অব ইন্ডিয়া' জ্লাই, ১৯৫৬ থেকে জ্বন, ১৯৫৭ এর যে রিপোর্ট' দাখিল করেছেন, সেই রিপোর্টের মধ্যে 'কনজিউমার্ম্ব' প্রাইস ইনডেক্স ফর দি ওয়ার্কিং ক্লাস' সম্বন্ধে তাঁরা বলছেন—

"The all-India average for 1956-57 was 11 per cent, higher than 1955-56.

তারপরে আর এক জায়গায় তারা মন্তব্য করছেন যে, তারপরে অক্টোবর পর্যান্ড আরও ৩ পার-সেন্ট বেড়ে গেছে। ঐ বিষয়ে গভর্নমেন্টের দ্যাটিসটিকাল বারো, আবার লেবার ডিপার্টমেন্টেরও ষে ষ্ট্যাটিসটিক্যাল বুরো আছে, তাদের কারও সংখ্য মেলে না। তাদের কাছে আলাদা তথা। তারা রিজার্ভ ব্যান্থেকর চেয়ে পণ্ডিত বেশী। সত্তরাং তারা বলেন তারা আমাদের তথা মানে**ন** না, আমরা যে রিজার্ভ ব্যাঞ্কের তথা দিয়েছি। ওখানে নিস্তারণ চক্তরতী মহাশযের ডিপার্টমেন্ট বলেন কনজিউমার্স প্রাইস ইনডেক্স দ্বংসরের মধ্যে বাড়ে নি বা সামানাই বেড়েছে। সেখানে আমরা দেখিয়েছি ১৯৫৫ সাল থেকে ১৯৫৬-৫৭ সালে ১১ পারসেন্ট বেডেছে। সেখানেই শেষ নয়। সে সম্বন্ধে রিজার্ভ ব্যাওক থেকে বলছে এইখানেই যে এই দাম <u>ফ্রাবিলাই</u>জ্জ হবে তা নয়. এই দাম থেকে দাম আরও বাড়বে এ আশ•কা আছে। কেন না ১৯৫৫ সালে রিজার্ভ ব্যাৎক বলছে ইনফ্রাশনারী টেল্ডেন্সি শরে হয়ে গেছে। এখানে প্রফালবার মন্ত্রী মহাশ্র বললেন দ্রবাম লা প্রতিরোধ করবার জনা আমরা ফেয়ার প্রাইস শপ খালেছি। কিল্ড সেখানে বে দামে চাল বিক্রী হয়-সাত আনা, নয় আনা ও দশ আনা--তার মধ্যে বেশীর ভাগই নয় আনা ও দশ আনা কিনতে বাধা হয়, কারণ সাত আনার চাল থারাপ এবং পাওয়াও যায় না। **দ্বিতীর** কথা, মধ্যবিত্তের খরচের শতকরা ৭০ ভাগ ফুডএর জন্য। কিন্তু তাঁর ডিপার্টমেন্ট থেকে বার করেছে শতকরা ৬৫ ভাগ হচ্ছে, 'অল ফুড আর্চি'কলস অব দি ফ্যামিলী বাল্লেট'--৭০ নয়, ৬৫ এবং তাও শুধু চাল, আটা নয়, চাল, আটা, গম, চিনি, তেল, ডাল, শাকসবন্ধি, মাছ, মাংস —এক কথায় একটা গৃহস্থের যা দরকার, তার ফাামিলি বাজেটের তার শতকরা ৬৫ ভার**ই** তাতে কভার করে। তার মধ্যে চাল, আটা, মাত্র ৪০ পারসেন্ট কভাব করে, তাই করে তাঁরা ৰে দ্রবামল্যে বৃদ্ধি আটকে দিয়েছেন—এই ফেয়ার প্রাইস শুপ কোরে এটা অতি অবাস্তব কথা। কেন না ওয়েণ্ট বেণ্গল গভর্নমেন্টের লেবার গেন্ডেট প্রকাশিত হচ্ছে তাতে, মিডিল ক্লাস কর্ষ্ট অব লিভিং ইন সেপ্টেম্বর ১৯৫৭' ইস্তে দিয়েছেন যে মে. ১৯৫৬ সালে ফুড ছিল ০৮০ আর মে, ১৯৫৭তে হল ৪১৫। ফেয়ার শপ করেছেন গত বংসর। এই এক বংসর আছে থেকে ফেয়ার প্রাইস শপ হওয়া সত্তেও ৩৮০ বেডে ৪১৫ হল। আর গভনমেন্টের যে 'প**িক্র** বাংলা' পত্রিকা রয়েছে তাতে বলছে ৩৪০-৪ ছিল মে, ১৯৫৬তে, আর মে, ১৯৫৭তে, হরেছে ৩৬৭·৯। তাতে বোঝা যায় কি পরিমাণ বেডে গেছে মিডিল ক্লাস কন্ট অব লিভিং সতেরছ আমরা দেখতে পাচ্ছি এরা আগে যে বলেছেন প্রোডাকশন বৃদ্ধি কর। তাদের প্রভাকটিভিটি বাডল, খাট্রনি বাডল, জুটু মিলে আমরা দেখেছি মডার্নাইজেশন হল না, মালিকের প্রক্রি অতানত বেডে গোল। রিজার্ভ ব্যাভেকর তথা থেকে আমরা দেখলাম শ্রমিকের অংশ কমে ব্যক্তের সেটা মালিকের কাগজ থেকেই দেখা গেছে। রিজার্ভ ব্যাৎক দেখিরেছে মালিকের অংশ **দিনের** পর দিন বাড়ছে এবং তার উপরে বর্তমানে যে বাজার দর দিনের পর দিন বাড়ছে তার ফলে আজকে মজ্রেদের কি এই দাবী করবার অধিকাব হয় নি যে অবিসম্বে আমাদের বেতন বৃদ্ধি কর। এই হিসাব যদি নেওয়া যায় তবে অবিলন্দের শতকরা ৫০ ভাগ বেতন বৃদ্ধি করা উচিত। আমরা সেখানে বলছি যে না. শতকরা ২৫ ভাগ অবিলদেব কর, বাকীটা গড়নমেন্ট যে 'ওয়েন্ত বোর্ড' করবেন বলে বলেছেন তাঁরা দেখবেন আর বাডতে পারে কি না পারে। কিছুটা ছিল ভারত গভর্নমেন্ট এবং বাংলা গভর্নমেন্টের শ্রমদণ্ডর এবং ডাঃ রায় বলছেন যে ইনফ্লেলন হরে। [At this stage the red light was shown and the member resumed his seat.] [5-45-5-55 p.m.]

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: Sir, as I am not very well, I would like to put in a few words on behalf of the Finance Department on the question that has been placed before us.

Sir, the Resolution is divided into two parts. The first part of the Resolution says "sanction forthwith an additional dearness allowance of rupees twenty-five per head per month for all non-gazetted employees in their employment". Obviously the mover of the motion considers the question of giving additional allowance to non-gazetted employees of Rs. 25 per head per month. I want to tell the House that we have today in the employ of the Government 153,568 employees. This is the report of February, 1956, but I am informed that the total number has now increased by another 6,000 so that roughly the total number of non-gazetted employees under the Government is about 160,000. The salaries that these nongazetted officers get vary from Rs. 25 to Rs. 1,000. It depends upon the various categories of the non-gazetted officers. If this proposition is accepted it means that giving 25 per head per month increased dearness allowance to the members of the non-gazetted staff will mean a total expenditure per annum of 4.79 crores. A few months ago we gave with the help of the Central Government an increase in the dearness allowance of Rs. 5 per month to all employees of the Government drawing a salary up to Rs. 250. This itself cost us nearly Rs. 16 lakhs for every rupee increase in dearness allowance. I believe the total has now come up to nearly Rs. 90 lakhs a year even by giving Rs. 5 increase in the dearness allowance. In my view this proposition is a bigger one than what we had agreed to consider namely it consists of all non-gazetted officers whatever the salary may be. We restricted the payment of increased dearness allowance only to those who had a salary of less than Rs. 250. It cost us Rs. 90 lakhs. This would mean further that a non-gazetted Government servant who gets Rs. 500 will get an increase of Rs. 25 but a gazetted servant who is getting less than Rs. 500 will not get Rs. 25. That is a sort of discrimination which cannot be supported by any reasonable standard for the purpose of granting dearness allowance. Further, so far as lower income group is concerned, if you take 1939 as the base, the index of total emoluments in the case of the lowest paid Government servant is now 396.6 against the cost of living index of 378 with the same base. Thus the rise of emoluments fully covers the rise in the cost of living index although for those in the higher grade the cost of living index is still higher than the amount of increased emoluments given to them. In the last revision of pay scale the structure of emoluments has been so framed that the coverage systematically increases as we go to higher and higher group till the coverage is at a high point. Government consider this to be a rational structure and the question of a flat rate increase for everybody of the non-gazetted group does not arise.

[5-55—6 p.m.]

Thirdly, we may point out to the members of the House that, in view of the restricted availability of consumer goods, a mere increase in wage rates is economically unsound. The more wages you give, the greater will be the demands of the consumer goods and unless the supply is equally sufficient, inflation is bound to take place. The benefit, therefore, of any money increase being given to this staff is lost in the higher prices, and I have not the slightest doubt whatsoever that it will become a vicious spiral without in any way solving the problem.

The second part of the Resolution is regarding the advice to industrial and commercial employers to increase the total emoluments by 25 per cent. for those persons who draw a basic salary of Rs. 300 or less per month. I am not an expert in trade union matters or any matters affecting the industries in so far as their workers and employers are concerned. On July 28, the Trade Union Committee sent a demand letter against high prices for my consideration and in this demand letter the Committee says—there

has been a phenomenal increase in industrial production augmenting the national income of industrial profit by 50 per cent. While the share of working class, of salaries and wage bills in the industrial production has gone down from 42 to 33 per cent., that of the capitalists has gone up from 50 to 67 per cent, during the period of 1950 to 1954. Thus the working class, says the letter, have been deprived of the legitimate share in the fruits of their labour commensurate with the increase in national wealth and with the increased share of profit. Refixing of wages in all industries in the face of all these is irresistible factor, is a crying need in the interest of national construction and programme. I took some pains to find out how far this statement of the Trade Union Committee was actually justified by figures that I have seen. I sent them a reply in October 25, in which I have challenged the statement that during the last five years there has been a phenomenal increase in industrial production augmenting the national income. The national income in the First Five-Year Plan has only increased to the extent of 18 per cent., not to 50 per cent, and it is expected that by the end of the Second Plan period it will be increased by another 25 per cent. But it is to be remembered that the total increase in national income is not merely due to industrial progress. Both agricultural production and industrial production have contributed to this increase. There are also other factors such as value of services, earnings, etc., which have accounted for this increase. As a matter of fact, in the First Plan period the agricultural production recorded an increase from 94 in 1950-55 to 120 in 1955-56 taking the base as 100 in 1938-39. The industrial production, on the other hand, increased from 100 in 1951 to 128 in 1955-56.

Dr. Ranendra Nath Sen:

এটা রিজার্ভ ব্যাঞ্কএর তথ্য নয়, এটা আপনাদের তথ্য।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy: I have received from our own Directorate of Industrial Statistics, Government of India. I wanted to say taking the base as 100 in 1938-39, the industrial production has increased from 100 in 1951 to 128 in 1955-56. It will be seen that the increase in the national income is made up of an increase in the agricultural production to the extent of 50 per cent., increase in industrial production by 16 to 20 per cent, and receipts from other sources, services, etc., as pointed out above.

The second point that they have mentioned is about the wages of the workers and the production of the industries. The report of the Indian manufacturers published by the Directorate of Industrial Statistics, Ministry of Commerce and Industry, shows that in West Bengal in the year 1950 there were 447,200 workers engaged in 29 industries and there were another 44,145 workers engaged in other places besides the 29 industries. The total number of workers was 491,426. In the year 1953—three years after—the number of workers declined to 407,000 in the 29 industries, and in other places the number was 44. The resultant total was 452,353. It will, therefore, he seen that the employment was less in 1953—about 40,000 in comparison to what it was in 1950 and that hardly comes up to 10 per cent.

As regards wage bills, salaries, wages and other benefits, they amounted to 46 crores 49 lakhs and 719. This came up to 52 crores 21 lakhs 14 thousand in 1953. This shows that though the total number of employees sank to the extent of 10 per cent. the actual receipt in respect of workers in the shape of wages and other emoluments increused. This means the smaller number employees got a larger amount of wages or emoluments. Thirdly the gross ex-factory value of output in these 29 industries was

277 crores 76 lakhs in the year 1950 and the total value came down appreciably in 1953 when it was 257 crores 5 lakhs. Therefore, it will be seen that while the ex-factory value of output has increased during 1953-54, the receipt in wages has increased as such. It is undoubted that the prices of all essential commodities have gone up recently. The level of prices. however, at the moment in spite of rise has not yet reached the figure in 1951.. Wages in all sectors of industry, however, are under constant review either in conciliation or in adjudication proceedings and wherever any rise is justified consistent, of course, with the interests of national economy. such rate is always in force either through bipartite agreement or through adjudication. At present there are two major omnibus tribunals concerning the two of the most important industries in the State, namely cotton textiles and engineering. Both these tribunals are looking into the question of increase in wages and dearness allowance and other things in addition. Advisory Committees under the Minimum Wages Act are appointed from time to time to revise the minimum wages previously fixed in the light of any new circumstances such as increase in the prices of essential commodities.

At present there are fifteen such Advisory Committees in session in respect of plantations, biris, flour mills, motor transport in municipalities, Calcutta Corporation and the hill area of Darjeeling and cigarette manufacture. In pursuance of the recommendation of the Second Pive-Year Plan, tripartite machineries for the determination of wages in different industries are being set up by the Government of India in consultation with the State Governments. These machineries, viz., the Wage Boards will consist of representatives of the Government, employers and labour and determine wages after considering the latest facts and figures. This is all that I have to contribute to this particular problem with reference to the proposal to increase the wages of the Government employees as well as wages of the industrial employees.

[6-6-10 p.m.]

Dr. Suresh Chandra Baneriee:

মাননীয় স্পীকার মহাশয়, আমার সময় মাত্র দশ মিনিট, স্তরাং এই দশ মিনিটের মধ্যেই আমাকে সমস্যার সমাধান করতে হবে। প্রস্তাবে তিনটি জিনিসের উল্লেখ আছে। প্রথমে বলা হরেছে অতি আবশাকীয় দ্রবাম্লা অতি দুত বাড়ছে এবং খুব বেড়েছে, তারপর বলা হয়েছে নন-গেজেটেড সরকারী অফিসারদের মাইনে মাসে ২৫ টাকা করে বাড়িয়ে দিতে হবে, সর্বশেষে বলা হয়েছে কমার্সিয়াল বা সওদাগরী অফিস কিম্বা কলকারখানায় যারা কাজ করে তাদের মাইনে কিন্বা মাণ্গী ভাতা শতকরা ২৫ টাকা বাড়াতে হবে। প্রস্তাবটা পড়লে দুটো প্রশ্ন মনে আসে। প্রথম, সরকারী কর্মচারীরা পার্সেন্টেজে না গিয়ে ২৫ টাকা ধরে নিল কেন? এ বিষয়ে আমি একট, ভেবেছি এবং মোটাম্টি একটা হিসাব করে দেখেছি। যদি নন-গেঞ্চেটেড অফিসার সকলের কথা ধরা যায় তাহলে এই ২৫ টাকা তাদের মাইনের শতকরা ২৫ টাকা হয়ে দাঁড়ায়। কাজে কাজেই নন-গেজেটেড অফিসারদের দাবী এবং সওদাগরী অফিসের কলকারখানার শ্রমিকদের দাবী প্রায় একই—অর্থাং শতকরা ২৫ টাকা মাণ্গী ভাতা ৰুম্পি। এখন প্রশ্ন হল জিনিসের দাম শতকরা ২৫ টাকা বেড়েছে কি না? যদি শতকরা ২৫ টাকা বেড়ে থাকে, তাহলে সরকারী অফিসারদের এবং সওদাগরী অফিসের কর্মচারীদের দাবী ন্যারসপাত। আমি একট্ সংক্ষেপে হিসেব করে দেখেছি যে নিতা ব্যবহার্য্য জিনিস হিসাবে বেসব আমক্কা বাবহার করি, তাদের দাম গত এক বংসরে শতকরা কত বেড়েছে। কারণ ১৯৫৬ সালের সেপ্টেম্বর পর্যাত অর্থাৎ গত বন্যার আগে পর্যাত করেক বংসর দাম অনেকটা স্থিতি-শীল স্টেডী ছিল। কিম্তু সেপ্টেম্বর বন্যার পরে দাম দ্রতে বাড়তে আরম্ভ করে এবং তারপরে এক বংসর ধরে দাম বাড়ছেই। কেন যে সেপ্টেম্বর বন্যার পরে দ্রুত দাম বাড়তে আরশ্ভ করক সে কথা বলবার সময় নেই। সেসব কথা অনেক মিটিংএ অনেকবার বর্লোছ। গত বংসরের বন্যার পর থেকে আজ পর্যাহত দাম কত বেড়েছে তার একটা মোটাম্টি হিসেব আমি করে দেখেছি। চালের দাম মোটের উপর মিহি, মাঝারি, মোটা ইত্যাদি সব মিলিয়ে শতকরা ২০ টাকা বেড়েছে, ডালের দাম সব রকম ধরলে যা আমরা খাই তার দাম শতকরা ২৫ টাকা বেড়েছে, সরষের তেলের দাম এই এক বংসরে শতকরা ৪০ টাকা বৃদ্ধি পেয়েছে: গোল আলুর দাম শতকরা ৩৭।৩৮ ভাগ বেড়েছে: এবং কাপড়ের দাম গড়ে ১৫ টাকা বেড়েছে। এই রকমভাবে অন্যান্য জিনিসের দাম ধরে হিসেব করলে দেখা যাবে সব মিলিয়ে জিনিসের দাম শতকরা ২৫ টাকা বেড়েছে। স্বতরাং দাম বেড়েছে ২৫ টাকা এবং দাবীও তাদের ২৫ টাকা। অতএব তাদের দাবী যে খ্ব ন্যায়সগত এ সম্বন্ধে কোন প্রশ্ন উঠতে পারে না।

[6-10-6-20 p.m.]

আমাদের দেশের সরকারী কর্মচারী যারা নন-গেজেটেড আর কলকারখানায় যারা কাজ করেন সওদাগরী অফিসে যাঁরা কাজ করেন তাঁরা সাধারণত অত্যন্ত গরীবের মতো থাকেন। তাঁদের অবস্থা মোটেই ভাল নয়। সকলেই তাঁদের অবস্থার কথা জানেন। আয়ের হার অপেকা যদি তাদের খরচের হার বেড়ে যায় শতকরা ২৫ ভাগ, তাহলে তাদের অবস্থা খ্রই খারাপ হরে পড়ে। আমাদের ভাবতে হবে তাদের আয় বেড়েছে কি না! অবশা গভর্নমেন্ট কিছ; বাড়িরে দিয়েছে, কপোরেশন কিছু বাড়িয়ে দিয়েছে কোন কোন কলকারখানাও কিছু বাড়িয়ে দিয়েছে। তবে কোথাও শতকরা ২৫ ভাগ কি ১৫ ভাগ বাডে নি। দ্রবাম ল্য যেভাবে বেডেছে, তার জন্য সকলেরই কন্ট হচ্ছে। ডাঃ রায় স্বীকার করেছেন-কলকারখানার মালিকেরা ইচ্ছা করলে কিছে দিতে পারেন। তিনি বলেছেন-নন-গেজেটেড অফিসারদের যদি ২৫ টাকা বাডিয়ে দিতে **হর** তাহলে বছরে ৫ ।৬ কোটি টাকা থরচ বেডে যাবে। আমরা যাঁরা সোস্যালিন্ট, তারা বলবো— এই ক্যাপিট্যালিন্ট সোসাইটীতে কোন সমস্যারই সমাধান সম্ভব হবে না। শ্রমিক, কর্মচারী, জনগণ ন্যায়সংগত দাবী করবেই করবে, গভর্নমেন্টও তা দিতে পারবে না। মালিকও তা দিতে পারবে না। একমাত্র প্রতিকার হচ্ছে, এই সমাজ বাবস্থার পরিবর্তন—সোস্যালিজমএর প্রতিষ্ঠা। সেকথা এখানে বললে লাভ হবে না। আমি ডাঃ রায়কে জোরের সপো বলছি—খরচ বান্ধর সংখ্যা সংখ্যা আয় বাশ্বির যে প্রশ্ন উঠেছে তার জবাব গভর্নমেন্টকে এক দিন দিতেই হবে। আমরা জানি সরকারী ডিপার্টমেন্টে বহু অপচয় চলে। সরকার ইচ্ছা করলে কথায় কথায় টাান্ধ না বাডিয়েও আয় বাডাতে পারেন। আয় বাডানোর অসংখ্যা পথ পড়ে রয়েছে, সেইসব পথে আয় বাড়াতে হবে। কিল্ড গরীব কর্মচারীকে না খাইয়ে রেখে কিংবা আধপেটা খাইরে কি করে কাজ করাবেন। এক বছরের মধ্যে বায় ২৫ পারসেন্ট বেড়ে গেছে। তারা কো**থা** থেকে টাকা পাবে? তাই বে কোন প্রকারেই হোক গভর্নমেন্টকে একদিকে আয় বাডাতে হবে এবং অন্য দিকে বায় কমাতে হবে। যাঁরা শিল্পপতি তাঁদের বেলায়ও সেই কথা। কেন্দ্রীয় শ্রমমন্ত্রী হিসেবে শ্রীজগজীবন রাম বর্লোছলেন-যে কারবারে শ্রমিকদের পেটভরে খাইরে রাখতে পারে না, সেই কারবার রাখবার প্রয়োজন কি? যদি কোন মালিক তা না করতে পারে তাহলে গভর্নমেন্টকে সে কারবার নিজের হাতে নিতে হবে। এই হচ্ছে একমান্ত প্রতিকার— ন্যাশনালিজেশন। আমাদের আজকের এই প্রস্তাব ন্যায়স্পাত, দাবীও ন্যায়স্পাত। গভর্নমে**ল্টের** উচিত নিব্দে এই দাবী প্রেণ করে বে-সরকারী প্রতিষ্ঠানের মালিকদেরও এই ন্যায়সপাত দাবী পারণ করতে বাধ্য করা।

8]. Jatindra Chandra Chakravorty:

মাননীর স্পীকার মহোদর, যে প্রস্তাব শ্রীনারারণ চোবে এবং ডাঃ রণেন সেন মুভ করেছেন আমি তার সমর্থনে বলছি। প্রথম প্রশ্ন উঠতে পারে, আমাদের মুখামল্টী ডাঃ রার যেভাবে আমাদের বা কিছ্ তথ্য সবটাকে 'ঝুটা হাার' বলে চলে গেলেন, তাতে বোধ হর এতে সরকারের আর কোন দারিত্ব নাই। বখন জিনিসপত্রের দর বাড়ছে, তখন সরকারের কি করণীর আছে? শ্রমিক এবং কর্মচারীর মাইনে বাড়ান। দারিত্ব এই জন্য আছে যে আমরা বিভিন্ন সম্মেলনে বে প্রস্তাব গ্রহণ করেছিলাম তার মধ্য দিরে সরকারকে জানিরেছিলাম—আজকে দুটিনি

উপশ্থিত হরেছে, জিনিসপত্রের দর বাড়বার জন্য। তার প্রধান দারিত্ব অতি অবশ্যই সরকারের ঐপরে পড়ে। কারণ সরকার বে নীতি নিয়ে চলেছেন তার ফলে জিনিসপত্রের দর বেড়েছে—

"Injudicious imposition of taxes and failure to combat malpractices such as hoarding, black-marketing and speculation. These have aggravated the situation."

স্টো বন্ধ করতে পারছেন না। স্তরাং সরকারের উপর সেদিক থেকে দারিত্ব এসে পড়েছে এই জিনিসপত্রের দর বাড়বার ফলে। শ্রমিকরা কর্মচারীরা যে দাবী জানিয়েছে সেই দাবী প্রেণ করবার চেন্টা করাও সরকারের কর্তবা। এই যে জিনিসপত্রের দর বেড়েছে এটা এয়াকসিডেন্টাল ফেনোমেনন নর, এটা ডেলিবারেট পলিসী অব দি গভর্নমেন্ট। তার জন্য এই জিনিসপত্রের দর বাড়ছে।

স্ত্তরাং আমরা দাবী করেছিলাম—জিনিসপত্রের দর কমানো হোক। যদি জিনিসপত্রের পর সরকার না কমাতে পারেন তাহলে আমরা দাবী করছি—জিনিসপত্রের বে অন্পাতে দর বৈড়েছে সেই অন্পাতে শতকরা ২৫ ভাগ আমাদের শ্রমিক কর্মচারীর মাইনে বাড়িয়ে দেওরা হোক। এখন প্রশ্ন উঠছে জিনিসপত্রের দর কতথানি বেড়েছে? আমি কেবলমাত্র আপনার কাছে মিডিলক্লাস কণ্ট অব লিভিং ইনডেক্স, আগণ্ট ১৯৩৯, একশো হিসেবে ধরে, বেটা আমি সেপ্টেম্বর মাস পর্যদ্ত জোগাড় করেছি, তা থেকে আমি পড়ে শোনাছি—

Food-	
September, 1956	 484
September, 1957	 506
Fuel and lighting-	
September, 1956	 268
September, 1957	 281
Clothing-	
September, 1956	 534
September, 1957	 550
Miscellaneous—	
September, 1956	283
September, 1957	 284
Combined index-	
September, 1956	 422
September, 1957	 436
তারপর 'ওয়াকি'ং ক্লাশ কণ্ট অব লিভিং ইনডেক্স'—	
1956 September	 136
1957 September	 146

১৯৪৪কে একশো হিসেবে ধরে, এখন যখন জিনিসপত্রের দর বেড়েছে; তখন মৃখ্যমন্দ্রী ডাঃ রায়ের আমলে, কংগ্রেসের আমলে সরকারী কর্মচারীরা কি পায়—সেটা দেখা বাক। ক্লাস ফোর খাফ ১৯৫৬-৫৭ সালে মিনিমাম পে-স্কেল—বেসিক পে ২০ টাকা থেকে বছরে চার আনা করে বাড়ে। কিন্তু সেটা বছর বছর না বেড়ে চার বছর পরে এক সলো বাড়ে এক টাকা। আর জিরারনেস এলাউয়েল আগে ২৫ টাকা ছিল, সেটা খ্ব আন্দোলনের ফলে দ্ব টাকা বেড়েছে, জিকা হিসেবে মৃখ্যমন্দ্রী মহাশর সেটা দিরেছিলেন। তারা বখন সেটা অন্দ্রীকার করেন তখন চাপে পড়ে সেটাকে ৫ টাকা করেছেন। বিদ ফ্ল ফ্রামিলী থাকে ভাহেলে সবশ্ব্য এই ক্লাল ক্রোর এমালাইজরা পার ৬০ টাকা, বিদ কলিকাতার থাকে। আর বারা হাওড়ার থাকে তালের

মাইনে কমে গিয়ে দাঁড়ায় ৫৮॥ টাকা। ফ্লারিক্যাল তাফএর ৫৫ টাকা মাইনে সবশ্বন্ধ। কলিকাতায় থাকলে ১১৬ টাকা পায়। আয় হাওড়ায় থাকলে ১৬ টাকা কমে গিয়ে একশো টাকা পায়। এই হচ্ছে সরকারী সেল্টালেরের অবস্থা। আমাদের মুখ্যমন্ত্রী অনেক মিনিমাফ ওয়েজ কমিটির কথা বলে গেলেন, এ্যাডভাইসরী বোডের কথা বলে গেলেন। তার কাছে একটা চিঠি পাঠিয়েছিলাম, তিনি সেটা শ্রম মন্ত্রীর কাছে পাঠিয়েছেন। এ সম্পর্কে আমি শ্রম মন্ত্রীর সংগে দেখা করলে তিনি বললেন—আমি কি করবো? ওটা ইন্ডান্দ্রিয়াল ডিসপিউটক এ্যাক্টএর মধ্যে পড়ে না। স্ত্রাং এই দাবী নিয়ে আমাদের করণীয় কিছু নাই। তাই মিনিমাম ওয়েজএর কথা বলোছ।

আমার করেকটি শিলেপর কথা জানা আছে। ইঞ্জিনীয়ারিং-এ মিনিমাম ওরেজ ৬৩ টাকা, জ্বটএ ৬৭ ১, কটন ইন্ডাণ্টিতে ৫০ ১৫, প্রিন্টিং ইন্ডাণ্টিতে মিনিমাম ওরেজ হচ্ছে ৫২ টাকা মাশ্গী ভাতা শ্বেষ। ফ্লাওয়ার মিলএ ৫০ টাকা, অরেল মিলএ ৫০ টাকা। স্পানটেশনএয় কথা জাের গলায় বলে গেলেন ম্থামন্ত্রী মহাশয়। সেখানে মেল এডাল্ট প্রমিক দৈনিক পার ৯॥১০ আনা মাত। এই হচ্ছে অবস্থা। এ ছাড়া কেন্দ্রীয় সরকার যেভাবে টাল্ল বাড়িরেছেন, ইনকাম-টাল্লএর সীমা চার হাজার দ্বাণা টাকা থেকে কমিয়ে তিন হাজার টাকায় নামিরেছেন। একজন কেরানী বে ডিয়ারনেস এালেউরেন্স সহ আড়াই শাে টাকা পাবে, তাকে বছরে ১৮ টাকা করে ইনকাম-টাল্ল দিতে হবে।

[6-20-6-30 p.m.]

এখন জিনিসপত্রের দর যেভাবে বেড়েছে, তাতে সেই হারে মাইনে বাড়াবার কথা বললে।
একটা চলতি জবাব সরকার পক্ষ থেকে দেওয়া হয়ে থাকে যে এতে ইনফ্রেশন দেখা দেবে। সেই
ইনফ্রেশন সম্পর্কে মাননীয় স্পীকার মহোদয়, আপনাকে আগেই জানিয়েছি.

একথা আমরা মুখামন্ত্রী মহাশয়কেও জানিয়েছি যে ক্যাপিটালিন্টদের লাভ শতকরা ৫৮ টাকা থেকে ৬৭ টাকাতে পেণছেছে, এবং ষেখানে শ্রমিকদের মজারি ৫ বংসরে শতকরা ৪২ টাকা থেকে শতকরা ৩৩ টাকায় এসে পে'ছেছে, সেখানে আজকে ফালিকের মনোফার একটা অংশ যদি আমরা মজরির হিসাবে দাবী করি, তাহলে তাতে ইনম্লেশন কেন হবে। এর বিরুদ্ধে আমাদের একটা যাত্তি হচ্ছে এই যে. ইনফ্রেশন হবার কোন সম্ভাবনা নেই। কারণ স্পীকার মহোদয়, আপনি জানেন যে আমাদের কতকগ্রাল শ্রমিক ও কর্মচারীদের 'পেন্ট আপ' ডিম্যান্ড আছে—অপূর্ণ চাহিদা আমাদের আছে- তাতে দুই বংসর আগে আমাদের যে মাইনে ছিল তা দিয়ে আমরা যে জিনিসপত্র কিনতে পারতাম, তা এখন সম্ভব নয়। অতএব জিনিসপতের দর বাডার ফলে আমাদের রিয়েল ওয়েজ কমে গেছে। সেজন্য আজ যদি আমার অপূর্ণ চাহিদা পরেণ করা হয়, বা যদি আমার 'পেণ্ট আপ' ডিম্যান্ড মিট করা হয়, বা আমার যদি কিছ মাইনে বাড়িয়ে দেওয়া হয় তাহলে সেই মাইনে দিয়ে আমার নিত্য প্রয়োজনীর যে দুব্য কিনতে পারি, স্কুতরাং এই কেনার জন্য ইনম্লেশন দেখা দিতে পারে না। আমি আপনাকে একটা উদাহরণ দি। ধর্ন কোন রুণ্ন বান্তিকে যদি <mark>আমি</mark> ভাল খাবার খেতে দি, তাহলে সেই ভাল খাদা তার স্বাস্থাকে প্নের্খার করাতে চেম্টা করবে, কিন্তু আমাদের ঐ মন্দ্রীদের মতন স্কেথ সবল যারা আছেন, তাদের বাদ বেশী করে সংখাদা খেতে দেওয়া হয় তাহলে তাতে তাদের মেদ বৃদ্ধি পাবে। এইরকমকেই আমরা ইনফ্রেশন বলি। স্তরাং আজ বে আমার সম্পূর্ণ চাহিদা তার জনা যখন দাবী করা হচ্ছে—জিনিসপতের দর বেড়েছে যে অনুপাতে তার পরিপ্রেক হিসাবে যথন আমরা দাবী করি —শ্রমিক কর্মচারী সরকারের অধীনে যারা চাকরি করে তাদের পক্ষ থেকে—সেই বৃত্তি সম্পূর্ণ ন্যারসপ্যত। আমাদের মুখ্যমন্ত্রী বলে গেলেন বে সরকারী কর্মচারীদের যদি ২৫ টাকা করে মাইনে বাড়াতে হয় তাহলে বহু টাকার ধরচ হয়। কিন্তু মন্দ্রী মহাশরকে জিল্ঞাসা করতে পারি কি—যখন তাহার প্রিয় ফাইনাস্স সেক্রেটারী অতিরিক্ত টাকা ড্র করে ছিলেন এবং সেটা আমি গত বাজেটে সেসনএ বলেছিলাম বে অসপাত, অনাায়ভাবে তিনি সেই টাকা ত্ব করেছিলেন **এवः এकाউन्টान्ট-स्क्रनादान वरमिছ्राम** य ग्रेका स्मृत्य मिखता हाक। स्रथह मिग्रेटक करणान করা হরেছিল। এই রকমভাবে চোরা স্কৃত্পা পথে টাকা চলে বাছে। অথচ সরকারের অধীনে

বেসমুহত মধ্যবিত্ত দরিদ্র কর্মচারীরা কাজ করে, তারা যখন বর্তমান অণ্নিম্ল্যের জন্য শতকরা ২৫ টাকা দাবী করে, তখন সেই টাকা দেবার যদি সদিজ্য আছে, তাহলে সেই টাকা তারা কি জ্যোজ করতে পারেন না? সংগ্যে সংগ্যে তাদের দারিত্ব আছে, তাহলে সেই টাকা তারা কি জ্যোজভরা প্রতিপ্রতি তারা আমাদের দিছেন—তাকে যদি আজ সফল করতে হয়, আজকে কর্মচারীদের যদি সহযোগিতা পেতে হয় এবং দেশকে যদি গড়ে তুলতে হয়, তাহলে উপবাসী অবম্ধায় কোন কর্মচারী উৎপাদন বাড়াতে পারে না। আমাদের এই পশ্চিমবংশ প্রাম্মক কর্মচারীরা গত কয়েক বংসরে যে উৎপাদন বাড়িয়েছে, যদি তারা উপবাসী থাকে, তাহলে উৎপাদন বাড়ানোর যে উৎসাহ, সে উৎসাহ তারা পেতে পারে না এবং তাতে দেশের অগ্রগতি ব্যাহত হবে। তাই আজকে যে প্রস্থার এখানে এসেছে সেই প্রস্তাব সমর্থন করে ম্থামন্দ্রীর কাছে আমি অনুরোধ জানাই তারা যদি সং কর্মচারী গড়ে তুলতে চান, এবং লয়াল কর্মচারী হিসাবে যদি তাদের কাজ করতে দিতে চান তাদের মাইনে বাড়ান এবং অন্য প্রামক কর্মচারীরা বারা প্রাইন্ডেট সেকটরএ রয়েছে—আজকে সেই সমুস্ত মালিকদের উপরও চাপ দিয়ে তাদের শতকরা ২৫ ভাগ মাইনে বাড়ান দাবী যাতে স্বীকার করে নেন, তার জন্য যেন তারা চেন্টা করেন।

8j. Narayan Chobey:

মাননীয় স্পীকার মহাশয়, ডাক্তার রনেন সেন যে এ্যামেন্ডমেন্ট নিয়ে এসেছেন আমি তাকে সমর্থন কর্রাছ। মাননীয় স্পীকার মহাশয়, আমরা খুব মনোযোগ সহকারে মুখামন্দ্রী ভারার রায়ের বন্ধতা শনেলাম। তিনি আমাদের যে দাবী সেই দাবীর যোক্তিকতা স্বীকার করেও তিনি করেকটি প্রশ্ন তলেছেন যার সম্বন্ধে আমাদের কিছু বলা দরকার। প্রথমেই তিনি আমাদের এখানে ষেরকম ইংরাজরাযেমনি চেন্টা করতো তেমন চেন্টা করে বলেছেন। একদিকে গেজেটেড শ্টাফ আর একদিকে নন-গেলেটেড প্টাফ করে তিনি বলেছেন এদের সম্বন্ধে বৈষমামূলক নীতি তিনি নিতেই পারেন না অতএব যারা গেন্সেটেড স্টাফ আছে তাদের বাদ দিয়ে অন্য লোকেব মাষ্টনে তিনি বাডিয়ে দিতে পারবেন না এই রকম একটা কথা তিনি বলেছেন। স্বিতীয় কথা হছে, তিনি একটি যুৱি আমাদের দেখিয়েছেন—যদি মাইনে বাড়াও তাহলে সংগ্যে সংগ্যে ইনফ্রেখন হবে। অতএব মাইনে বাড়ানোর কথা তোমরা বল না পেটে গামছা বে'ধে তোমরা কাল করে বাও প্রভাকশন বাড়কে না বাড়ক তোমরা এ সম্বন্ধে কোন চেষ্টা করো না। একটা কথা এখানে বলতে চাই যে ভারার রায় যে সমস্ত তথা দিয়েছেন সেসমস্ত তথোর সঞ্চো আমরা যে তথা দিলাম তার অনেক অংশেই মিল নেই। ডাক্তার রায়ের নিজস্ব ডিপার্টমেন্ট আছে এবং তিনি ষেমন ষ্টেটমেন্ট চান তাঁকে সেই রকমই তাঁর ডিপার্টমেন্ট করে পাঠান। রিজার্ভ ব্যাঞ্ক অব ইন্ডিয়া বা অন্যান্য বেসমুহত দ্ট্যাটিস্টিক্যাল ডিপার্টমেন্ট আছে যাকে আমুরা অনেকটা অথেণিটক বলে মনে করি তার সংখ্য এর কোন মিল নেই, অতএব আমরা মনে করি তিনি বে বক্ততা দিয়েছেন তার জবাব এইসব তথ্য থেকে তিনি পেয়ে যাবেন। তব্ একটা কথা উল্লেখ করতে চাই যে রিজার্ভ ব্যাঞ্চ অব ইন্ডিয়ার রিপোর্টএ বলছে ১৯৫৫ সাল থেকে ইনফ্রেশন मधा मित्राष्ट : हैनक्कणन त्य हत्व त्म मन्यत्थ उथन त्थक्कर मत्मह श्रकाम कता हत्त्वक किन्छ लिहे भगरत कान करमहे माहेरन वाषान इस नि. भतकाती कर्मा जीएन माहेरन वाषावात कान কথাও উঠে নি, তব্ ও তখন থেকেই আমরা দেখেছি ইনফ্রেশন দেখা দিয়েছে। ইনফ্রেশন সম্বন্ধে ভাষার রায় বলে গেলেন, কিন্তু তিনি বললেন না বে সেকেন্ড ফাইভ-ইয়ার স্ল্যানএ বে তারা ফাইন্যান্সিং করছেন তাতে তাঁরা যে ডেফিসিট ফাইন্যান্সিং করছেন, ফার্ড ফাইড-ইয়ার স্ক্র্যানএ ডেফিসিট ফাইন্যান্সিং করেছেন ৪০০ কোটির বেশী এবং সেকেন্ড ফাইড-ইয়ার স্প্রানএর প্রথম বংসরেই ২৪০ ক্রোড়স অলরেডী ডেফিসিট ফাইন্যাল্সিং করেছেন এবং ১.২০০ কোটি পুরেয় স্প্রান পিরিয়ডএ ডেফিসিট ফাইন্যান্সিং আরো করবেন। তার ফলে যে ইনফ্রেশন দেখা দিক্তে त्म कथा जिंन এक्क्वारत राज्य शासनात स्म मन्दर्भ जिंन कि**ड** रे वललन ना। अवर आव একটা কথা এই প্রসপো বলতে চাই তা হচ্ছে, শ্রমিক ক্রেন্সের মাইনে বাড়ানোর কথা বে আমরা বলছি সেটা শুধু কেবল আমাদৈর বছবা নয়, সুধের কথা হচ্ছে গত নির্বাচনে আই-এন-টি-ইউ-সির বারা মাতব্বর আছে, বন্ধ, আছেন, তারা হারবার পরে একটা আস্থান,সন্ধান ক্রেছেলেন এটা খনে সম্ভব এপ্রিল কি মে মাসে। তাতে তাঁরা স্বীকার করেন এই পশ্চিমবংশ্য

লোরেন্ট লেভেল অব ওরেজ ইন ইন্ডিয়া এবং এখানকার গড়র্নমেন্ট এবং অন্যান্য শিক্ষপ প্রতিষ্ঠানের পক্ষে গড়র্নমেন্টএর বিরোধী নীতি থাকার ফলে আই-এন-টি-ইউ-সির বিপর্যায় হয়েছে। এখন আমরা জানি যে ২৫ পারসেন্ট মান্দাী ভাতা বাড়ান শুখু এ-আই-টি-ইউ-সির দাবী নয়, এ দাবী আই-এন-টি-ইউ-সিও করেছেন এবং আই-এন-টি-ইউ-সির এই দাবীকে আমরা সমর্থন জানাই। এই জন্য আমরা দেখেছি যে স্বরাটে যে আই-এন-টি-ইউ-সির কনফারেন্স হয়েছিল, তারা সেটা সেখানে উত্থাপন করেছিল। অবশ্য দ্বংখের কথা হচ্ছে এই বে তারা ইলেকশনএর আগে এক কথা বলেন আর ইলেকশনএর পর পাওয়ারএ এলে সে কথা ভূলে বান। তব্ও আমরা আশা করি আই-এন-টি-ইউ-সির লোক যারা ঐ পক্ষে আছেন ভারা নিশ্চর এই ২৫ পারসেন্ট ইনজিসটাকে সমর্থন করবেন।

(6-30-6-40 p.m.)

আমরা যথন এই কথা বলছি তথন শুধু শ্রমিক কর্মচারীর কথা বলছি না। আপনারা জানেন বে আমাদের সামনে, জাতির সামনে একটা সংকট দেখা দিয়েছে। সেকেন্ড ফাইড-ইয়ার স্পানে ক্রাইসিস দেখা দিয়েছে। ক্রাইসিস দেখা দিয়েছেইনার স্পানে ক্রাইসিস দেখা দিয়েছে করেন একসচেঞ্জে। ক্রাইসিস দেখা দিয়েছেইনার স্পানে ক্রাইসিস দেখা দিয়েছে—ক্রাইসিস ইন দি হিউম্যান সেকটর। যখন সেকেন্ড ফাইড-ইয়ার স্পান গ্রেইড হয়, তখন সাধারণের মধ্যে উৎসাহের সঞ্চার হয়, তখন সাধারণের মধ্যে উৎসাহের সঞ্চার হয়, তখন সাধারণের মধ্যে উৎসাহের সঞ্চার হয়, তখন সাধারণ লোক আশা করেছিল যে সেকেন্ড ফাইড-ইয়ার স্পান হলে পর জাতির জীবনের মান বাড়বে, সে খেতে পরতে পাবে। যদিও দিনের পর দিন দেখা বাছে প্রভাকশন বাড়ছে, প্রফিট বাড়ছে, সব হছে কিন্তু শ্রমিক কর্মচারীর মাহিনা সন্বন্ধে কেউ কিছুব বলতে গেলে ওবা বলছেন ইনম্পেন হবে। এখানে আমি যে কথা বলছি তা হছে যে যদি না আমরা সাধারণ মান্যকে উৎসাহিত করতে পারি, তবে যে শ্রমিক কর্মচারীরা উৎপাদন বাড়ায় তারা মনে করবে আমাদের এই স্প্যানে উৎপাদন বাড়িয়ে কি হবে, এবং তাহলে এই স্প্যান বাঁচতে পারবে না। সেজনা ইডন ফর দি সেক অব দি সেকেন্ড ফাইড-ইয়ার স্প্যান এ প্রস্তাব করল শ্রমিক কর্মচারীর প্রস্তাব নয়। এটা জাতির কল্যাণের প্রস্তাব, কাজেই এই প্রস্তাব গ্রহণ করা উচিত।

এখানে আমি বলতে চাই যে ও'রা প্রায়ই বলেন যে টাকা নাই। টাকা নাই বলেন বটে কিল্ড ১৯৫৪ সালে প্রভাকশন যে বেড়েছে তা স্বীকার করেন। এ সম্বন্ধে আই-এন-টি-ইউ-সি থেকে একটা সার্ভে হয়েছিল, এবং সেটা এ-আই-টি-ইউ-সি করে নি, তাতে বলেছিলেন লেবারের প্রভাকশন ৪০ পারসেন্ট বেড়ে গেছে এবং ৭৫৫টা কোম্পানির হিসাবে দেখিয়ে দিয়েছেন ২০৫ কোটি টাকা। ওয়েষ্ট বেণ্সল সম্বন্ধে রিজাভ ব্যাৎক বলছেন ১১৯টা বড় কোম্পানি ২২ কোটি টাকা নেট মনোফা করেছে। অতএব টাকা নাই বলাটা অনাায়। এই টাকা ওখান থেকেই পাওয়া বাবে। এমন কি রিজার্ভ ব্যাঞ্কের গভর্নর আয়েণ্গার বিদেশে যে বস্তুতা দিয়েছিলেন তাতে তিনি বলেছিলেন যে প্রাইভেট সেকটরে ১৯৫৬-৫৭ সালে ১৪১ কোটি টাকা ইনভেষ্ট হয়েছে। অয়ান্ড দিশ রেট ইজ ইনক্রিজিং। তব্ব ও'রা বলেন টার্কা পরসা পাওয়া যায় না। এই মনোস্তাষ প্রাইভেট সেকটারেই দেখতে পাচ্ছি। সত্তরাং এক্ষেত্রে শ্রমিক কর্মচারীর মহিনা বাড়ানর টাক্ষ নাই. একথা বলার কোন য**়ন্তি**ই নাই। মূল কথা গভর্নমেন্টের নীতি কোন দিকে বাবে। বিধানবাব, গতবার সরকারী ফর্ছান্ডেরে সম্বন্ধে বলেছিলেন, যদি সেন্টার থেকে দেড কোটি টাকা এলট করে তাহলে তিনি এদের সম্বন্ধে বিবেচনা করবেন। আমরা দেখছি <mark>ফাইন্যান্স</mark> কমিশনের রিপোর্টে পশ্চিমবঞ্গকে বৃদ্ধাঞ্জান্ত দেখিয়েছে। সেইজনা বলতে চাই আপনারা শ্রমিক কমচারীদের টাকা নাই বলে যে বৃংধাংগড়েও দেখাছেন, তা না করে আপনারা শ্রমিক কর্মচারীদের সপো মিলে চাপ দিরে ফাইন্যান্স কমিশন বেট্রকু দিরেছে তাকে বাড়াবার **ছ**ে। কেন চেন্টা করবেন না? এডিমিনিন্টেশনে যে করাপশান ররেছে কত বেশী এটা ত তারা জানেন। ১১০ কোটি টাকা খরচ হরেছে পশ্চিমবশ্যে রিফিউজীদের জনা। এর বড় আংশ দ্বুৰ এবং क्यनांना वावक घटन शिक्षांक, का भवारे सातन। स्मर्ट कदार्शमन किन वन्ध रहा ना? आगदा এই বদি করতে পারি তাহলে তা থেকেই টাকা পয়সা বার করা যার তাতে সন্দেহ নাই। বেসব সরকারী কর্মচারী আছে ইফ ইউ সিক দেরার কো-অপারেশন তাহলে আমাদের এডমিনিম্মেশনে

বে খরচ হয় তা ২৫ পারসেন্ট ভাগ কমান ষেতে পারে। যে কর্মচারীর হাত দিয়ে প**্**কুর চুরি হয়, তারা যদি গভর্নমেন্টের পক্ষে ঠিক থাকে,

if you seek that co-operation they can check corruption.

এক্কেরে আর একটা বন্ধবা হচ্ছে যে আমরা বর্লোছ আমাদের প্রস্তাবের দাবী টেম্পোরারী মেজার হিসেবে আপনারা গ্রহণ কর্ন। বাদ ওদের এইট্রু দিয়ে উৎসাহিত করতে পারেন তাহলে দেখবেন প্রডাকশন বাড়বে এবং জাতির আরও উন্নতি হবে। এক্কেরে আরেকটি কথা বলতে চাই। দেখতে পাবেন ওয়েজএর জন্য যে ফার্ড পে কমিশন বসে তারপর পশ্চিমবংগ সরকার বেভাবে কর্মান্তর্গার্মাহনা বাড়িরেছিল তার বেসিস ছিল না। এটা ছিল সম্পূর্ণ ইছ্ছাম্লক্ষ্র্যান্ডিং নো সার্রোন্টিফক বেসিস। গভর্নমেন্ট অব ইন্ডিয়া ফার্ড পে কমিশন করেছিলেন—বাই হোক কিছ্ ভিত্তি নিয়ে আলোচনা করেছিলেন। সেই দিক থেকেই শ্রমিক কর্মচারীদের কিছ্ মাইনে বাড়িরেছিলেন। বহু আন্দোলন ও স্থাইক মেটার পর সেকেন্ড পে কমিশন গভর্নমেন্ট অব ইন্ডিয়া বসালেন। হয়ত কিছ্ এতেও হবে। কিন্তু কেরলা গভর্নমেন্ট ছোট্ট একটি গভর্নমেন্ট সে সেখানে ওয়েজ কমিশন বসিয়েছে। অবশা তার জন্য ব্যাপক ধর্মঘটের ধমক সেখানে দিতে হয় নি। আপনারাও এখানে সেই ওয়েজ কমিশন বসিয়ে পিন্চমবংগার ক্রিত্তেএজনে জন্য কিছ্ করতে পারেন কি না দেখ্ন।

And it is for the employees as well as for the Second Five-Year Plan.

Dr. Maitreyee Bose:

মননীয় দপীকার মহাশয়, এই প্রদতাব সম্বন্ধে আমার বক্তুতা দেবার কিছুই ইচ্ছা ছিল না। কিন্তু কয়েকটা কথা এখানে হয়েছে যার জনা আমি মনে করছি যে আমার পক্ষে চুপ করে থাকা অন্যায় হবে। প্রথম কথা হচ্ছে, এখানে বলা হয়েছে যে কয়লা খনি এবং চা-বাগানে ধর্মঘট কয়ার পরে মাহিনা বেড়েছে কিংবা কোন কোন রকম স্বোগ স্বিধা হয়েছে। য়ারা একথা মনে করেন তাঁদের বলব যে কয়লা খনির জনা যে ট্রাইবিউন্যাল বসেছিল তার জনাই মাইনে বেড়েছে: ট্রাইবিউন্যালের রায় বেরোবার পরে ধর্মঘট হয়েছিল তার জানাই মাইনে বেড়েছে: ট্রাইবিউন্যালের রায় বেরোবার পরে ধর্মঘট হয়েছিল তার আগে হয় নি। কাজেই ট্রাইবিউন্যালের য়খন রায় বেরিয়েছিল তংগন বেড়েছিল, ধর্মঘটের জনা বেড়েছিল একথা বলা ঠিক হবে না। ধর্মঘট হওয়ার আগেই য়েটা বেড়েছিল। কোন কোন বন্ধা বাজনা কোন কোন লীভার নিজেদের স্ববিধার জনা ধর্মঘট করিয়েছিলেন, কিন্তু তার ফল হয়েছে যে সাধারণ শ্রমিকেরা অনেক অংশে বন্ধিত হয়েছে এবং ক্ষতিগ্রাম্পত হয়েছে। চা-বাগানের বোনাস কমিটি বসবে ঠিক হল ২৯শে তারিখে ডিসেন্বরের, বন্ধন বোনাস কমিটি বসতে গেল তথন ৩০শে তারিখে ধর্মঘট করা হল (বিরোধাী পক্ষ থেকেঃ এটা ঠিক নয় ঠিক নয়।

Mr. Speaker: An important reolution is being debated and I want no interruption at all from any quarter.

Dr. Maitreyee Bose:

কাজেই এই দুটো কথা যে বলা হয়েছে আমি মনে করি এ দুটো কথা বলা ঠিক হয় নি। লোকের যে দুঃখকণ্ট আছে, লোক যে আজকে খেতে পাছে না, জিনিসের দাম বেড়েছে কিংবা বাড়ছে, একথার কারও সন্দেহ নেই, কিন্তু যদি বলা হয় কলমটি গোল নয় চৌকোনা, তাতে হবে না। কারণ বাজারে গেলে দেখব জিনিসের দাম বেড়ে গেছে। কাজেই বটগাছকে ঘাস বললে চলবে না, বটগাছই বলতে হবে। আজকে যদি আমরা বলি অমুকের অমুকের ২৫ পার্সেন্ট বাড়ান হউক আর অমুকের অমুকের ২০-২৫ পারসেন্ট বাড়ান হউক একথা বলা চলে, এবং তা অভ্যান্ড ই দুয়গ্রাহী কথা। নোট ছাপিয়ে অনেক ছেড়ে দেওয়া যায় এবং লোকের মাহিনা হাজার টাকা বাড়ান বার। কিন্তু আমরা জানি মাহিনা বেড়ে গেলে সত্য সত্যই অনেক উমতি হয় এ বিষয়ে সন্দেহ নেই, কিন্তু আজকে যদি এইভাবে বাড়ান হয়, ভাহলে সকলের সুবিধা হবে কি না অর্থনৈতিক দিক থেকে সেইটাই বিবেচনা করার বিষয়। রিজার্ড বাড়ক কি

বলছেন বা অন্য কে কি বলছেন, তার কথা বলছি না কিন্তু তা বিচার করবার জ্ঞাগে আমাদের বিবেচনা করা উচিত বে আমরা চোখের সামনে দেখতে পাই বখন মাহিনা বাড়ে তখন দামও বাড়ে। সেটা উচিত কি অনুচিত, এটা প' ক্লিপতিরা করছে কি আড়তদার, মজ্বতদারেরা করছে, তা ঠিক বলতে না পারলেও এটা বে হচ্ছে তা ত দেখতে পাছি। ৰখন কোরিয়ার যুদ্ধ বাধল তখন কলিকাতায় তেজপাতার দাম বেড়ে গেল। এই রকম যে হয় তা ত আমরা নিতাই দেখি, যদিও এ রকম হওয়া অন্যায়। যে দিন কোরিয়ার বৃদ্ধের খবর এল সেই দিন সম্থ্যাবেলা দেখা গেল তেজপাতা এলাচ প্রভৃতি যা কিছু সবগুলোরই দাম বেড়ে গেছে। এই যে জিনিস এর বিরুদ্ধে আমাদের লড়াই করতে হবে। স্তরাং আজ্ঞ বদি এই ২৫ পার সেন্ট বাড়িয়ে দেওয়া হয় তাতে যে খবে সূর্বিধা হবে তা মনে হয় না। সুরাট সেসনে আমাদের যে ডিম্যান্ড সেই কথা বলা হয়েছে। বলা হয়েছে, আই এন টি ইউ সির লোকেরা যথন হেরে গিয়েছে, তখন তাড়াতাড়ি গিয়ে এই রেজলিউশন পাশ কোরে দিলে যাতে পরের বার জিততে পারে। আবার বলা হয়েছে, ইলেকশনএর আগে এক রকম বলে, আবার ইলেকশনের পরে আর এক রকম বলে। যথন আমরা পে কমিশন চাইলাম. তখন গভর্নমেন্ট সে কথা শুনালেন না। সেজন্য আমরা আই এন টি ইউ সির তরফ থেকে অনেক প্রতিবাদ করেছি। আমরা বলেছি আমরা যখন শান্তিপ্রভাবে চেয়েছিলাম তখন সরকার দেন নি. যখন পোষ্ট আন্তে টেলিগ্রাফের লোকেরা স্ট্রাইকের ধর্মাক দিলে তখন পে কমিশন বেরিয়ে এল। কাজেই আমার ভয় পাবার কিছ, নেই। একটা কিছ, শ্বনলে ডেম্কের তলার চুকে যাবো তা নয়। আমাদের কথা হচ্ছে, ফিফ টিন্থ ইন্ডিয়ান লেবার কনফারেন্সএ যে দাবীগ্রন্তি করা হয়েছে তার মধ্যে এই রাখা হয়েছে যে মিনিমাম ওয়েজ ইজ দি নিড বেস। এই নিড বেস এমনভাবে ক্যালকলেশন হবে যাতে একটা আডক্ট মেলএর রোজগার প্লি কনজামশন ইউনিট হতে পারে এরাকডি । ট্ ডাঃ এরাকরয়েডস ফর্মলা। এবং এটা ইউন্যানিমাস রিজলিউশন পাশ হয়েছে আই এন টি ইউ সি যে প্রস্তাব করেছিলেন তাতে এ আই টি ইউ সির ডাপ্সের মত বড় নেতা উপস্থিত ছিলেন। তিনিও একথা বলেন নি যে আজকেই ২৫ টাকা বা ২৫ পারসেন্ট বাডিয়ে দেওয়া হোক। যে ইউন্যানিমাস রিজলিউশন নেওয়া হয়েছে ফিফ টিম্প লেবার কনফারেম্পত্র. সেখানে গভর্নমেন্ট ছিলেন, মালিক পক্ষ ছিলেন, শ্রমিক পক্ষ ছিলেন, শ্রমিকদের প্রতিনিধি সবাই ছিলেন। এই নয় যে শুধুমাত আই এন টি ইউ সি ছিল, এ আই টি ইউ সির ডাপ্সের মত একজন লীভার ছিলেন, হিন্দ মজদুর সভাও ছিল, ইউ টি ইউ সির বিশ্বনাথ দুবের মত বিরাট নেতা সেখানে ছিলেন। তাতে সকলে সেখানে একমত হয়ে এই ৩ কনজামশান ইউনিটএর উপর রাজী হরেছিলেন। তারা বলেন নি এখনই ২৫ পারদেশ্ট বাডিয়ে দেওয়া হোক। আমি আমাদের যে নেতা এস, আর, ভাসাওরিকে বল্লাম—এই সকলে কথায় কথায় মাইনে বাড়াও বলেন তাতে যে জিনিসের দামই অনবরত বেড়ে চলেছে তা নয়, তাতে শুধু যে শ্রমিকরাই সাফার করছে তা নয়, থাদের ২৫ পারসেন্ট বাড়ে নি, তারাও তো সাফার করছে? আর আমরা যদি মাইনে ২৫ পারসেন্ট বাড়াই যাদের কেউ নেই তাদের কি হবে? তাতে ভাসাওরি আমায় বল্লেন এমন কথা বলবেন না. নিজেদের অর্গানাইজেসনএর মধ্যে বলুন কিল্ড পার্বলিকলী একথা বলা যায় না। তবে আমি মনে করি এসব দাবী গভন মেণ্টএর কাছে রাখা ভাল। আমি বল্লাম—হাাঁ, তিনি যখন বলেছেন তখন নিশ্চয়ই বলবো। তবু এরকম জিনিস আই এন টি ইউ সির কাছে এরকম আলোচনা করা সত্তেও ডাপ্সেঞ্জীর কাছ থেকে এরকম দাবী শানি নি। তারা প্রি কনজামশান ইউনিটএ রাজী হয়েছিলেন এবং তার উপর সর্বসম্মতিক্রমে একটা ডিসিসন নেওয়া হয়েছে এবং সেই ডিসিসনএর উপরই আজকে আমরা দাঁড়িয়ে আছি। আমরা সেখানে ২৫ পারসেন্ট কিংবা ২৫ টাকা চাই নি. থি কনজামশান ইউনিট্স আমরা চেরেছি ডাঃ এ্যাকররেডস ফরমূলার উপর এবং তার উপরই দাড়িয়ে আছি। তারপর আমরা আরও কথা বলেছি এবং ইন্ডাম্মিরাল হাউসিংএর কথা বলেছি, আরও নানা রকম কথা বলেছি ষারা ওপাশে বসে আছেন তারা সকলেই জানেন সে কথা, জানেন না এমন নয়। ইন্ডা**ন্থারাল** হাউসিংএ ভারত সরকার যে টাকা দিতে রাজী আছেন সেই টাকা আমাদের সরকারকে বলবো ৰাবহার কর্ন। প্রেকার বাজেটের সময়ও আমরা একথা বলেছি, ইন্ডাম্ট্রিয়াল হাউসিং दिकारत जना प्रत पर्ण, काव्रशाव वावर ट इरहाइ, वाश्वापरण टा दव नि। वाश्वापरण दव नि বলে অনেক জায়গায় আমরা বিপদগ্রন্ত হয়ে আছি।

[6-40-6-50 p.m.]

আজকে এমন সময় এসেছে যখন বাংলাদেশকে এ জিনিস নিতেই হবে এবং এতদিন পর্যাত্ত তাঁরা এটা না নেওরার ফলে যে ক্ষতি হয়েছে তার জনা তাঁদের ক্ষোভ প্রকাশ করতেই হবে। এই যে সমস্ত জিনিস এগ্রেলির উপর অবাস্তবভাবে একটা দাবী না করে যদি বাস্তবভাবে দাবী করি তাহলে আমরা জিততে পারি, কিন্তু ডুানবরত যদি একথা বলা হয় যে আই এন টি ইউ সির লোক এই কথা বলেছে, এই করেছে, তাহলে স্বভাবত আই এন টি ইউ সির লোকেরা ডিফেনসিভে যাবে কিন্বা অফেন্স নিয়ে সবচেয়ে ভাল ভিফেন্স দেখাবে, একথা সবারই মনে রাখা দরকার। যদি আজকে ইউনাইটেড ফ্রন্ট অব ওয়ার্কার্স দেখাতে হর, তাহলে আমি বলতে পারি যে এই উপায়ে কোন ইউনাইটেড ফ্রন্ট হয় না। কাজেই যখন একটা কথা বলতে হবে তখন সে কথাটা ভাল করে বিচার বিবেচনা করে বলতে হবে।

[তুম্ল হটুগোল।]

Mr. Speaker: You cannot expect that everybody must agree with everybody else. You have to hear the contrary view. You may not agree with that but why must you make remarks all the time? It is a shame that I have got to point it out to you.

8j. Nepal Roy:

আমি একটা আওয়াঞ্জ করলে, স্যার, আমাকে গালাগালি দেবেন।

Mr. Speaker: You may not be in a mood to do serious work but it is my duty to see that the debate takes place properly. You may not be interested but other people are interested. I won't allow any levity in this House.

Dr. Maitreyee Bose:

মাননীয় স্পীকার মহাশম, আর আমার বেশী কিছু বলবার নেই। আজকে আপনি আমাকে প্রোটেকশন দিয়েছেন, তবে বিশেষ প্রয়োজন ছিল না, কারণ আমার সামনে যারা বসে আছেন তাদের থেকে ভালভাবে আত্মরক্ষা করতে আমি ১৫ বছর ধরে জানি।

8j. Satyendra Narayan Mazumdar:

আপনি যদি, স্যার, পার্মিসন দেন তাহলে আমি কিছু, বলতে পারি।

Mr. Speaker: I withhold the permission.

8]. Mihirlal Chatterjee:

মাননীয় সভাপতি মহাশয়, এই প্রস্তাবের সামান্য সংশোধন করে আমি একটা সংশোধনী প্রস্তাব দিয়েছি যে সরকারী কর্মচারীদের বেতন বৃদ্ধির যে প্রস্তাব সেটা এ বছর থেকেই কার্যকরী করা হোক। এই কথা বলার যৃত্তি এই যে, সরকার পক্ষ থেকে গেল বছর এবং এ বছরের মাঝামাঝি পর্যস্ত ফোরার প্রাইস সপ, সস্তা চাউলের দোকান, মারফত যে চাল সরবরাহ করা হোত, তার দাম ছিল ১৭॥ টাকা। কয়েক মাস যাবং এই ১৭॥ টাকা দামের চাল সরবরাহ করা হোত, তার দাম ছিল ১৭॥ টাকা। কয়েক মাস যাবং এই ১৭॥ টাকা দামের চাল সরবরার কার সরবরাহ করতে পারছেন না। সরকারী কর্মচারী যারা, তাঁদের এখন ২২॥ টাকা দামে রেশন সপ থেকে চাল কিনতে হচ্ছে, অর্থাং সরকার এই দুই-তিন মাসের মধ্যে কম দামের চাল সরবরাহ করতে অক্ষম হয়েছেন এবং সরকারী কর্মচারীদিগকে মণ প্রতি ৫ টাকা বেশী দাম দিয়ে রেশন সপ থেকে চাল কিনতে হচ্ছে। আমরা সাধারণত হিসাব করে দেখতে পাই বে, একজন সাধারণ মান্বের পরিবারে লোক সংখ্যা থাকে ৫ জন এবং এক একটা পরিবারে মাসে প্রায় দুই মণ চালের পরিবারে বোগাড় করতে হচ্ছে এবং এই দুই মণ চালের অতিরিক্ত দাম নিশ্ন বেতনের সরকারী কর্মচারীদের দিতে হচ্ছে, যোগাড় করতে হচ্ছে এবং এই দুই মণ চালের অতিরিক্ত দাম বাবদ মধাবিত্ত সরকারী কর্মচারীদের মাসে মাসে মাসে ১০ টাকা করে খরচ বাভছে। শুনুধু চালের

বে এই অবস্থা তা নর, গত দুই-তিন মাসের মধ্যে একমান্ত লবণ ছান্তা অভ্যন্ত ভূল করা হবে।
অসম্ভব রকমের বেড়ে গেছে। সরকার অজ্বহাত দেন যে টাকা নেই, 'প্রথারিকী পরিকশ্পনাকে
পালন করবো কোথা থেকে? সরকারী কর্মচারীরা কি এই ধরণের কথা সক্ষল করবার জন্য
জিনিসপ্রের দাম যদি ক্রমাগত এই রকম ধরণের বাড়ে কেবলমান্ত চালের প্রনাভ লাগাবেন বলে
১০ টাকা করে বেশী ধরচ লাগে ত আমরা সংসার চালাবো কোথা থেকে? স্কান্ সভরে
